

প্রেস রিলিজ  
নার্নিং শেয়ারিং মিটিং  
ALDI ইন্ডাস্ট্রি সাসটেইনেবিলিটি প্রজেক্ট  
বাস্তবায়নে- কর্মজীবী নারী  
সহযোগিতায়- ALDI

আজ ২৬ সেপ্টেম্বর ২০২৩, মঙ্গলবার “ALDI ইন্ডাস্ট্রি সাসটেইনেবিলিটি প্রজেক্ট” এর আওতায় ঢাকার হোটেল সারিনায় দিনব্যাপী “নার্নিং শেয়ারিং মিটিং” অনুষ্ঠিত হয়। প্রকল্পটি বাস্তবায়ন করছে ‘কর্মজীবী নারী’ এবং সহযোগিতা করছে ALDI। উক্ত সভার সভাপতিত্ব করেন জনাব এস এম নুরুল আজম, পরিচালক-সি আর ইউনিট এশিয়া, ALDI। প্রকল্প কার্যক্রমের সারমর্ম উপস্থাপনা এবং সভা পরিচালনা করেন জনাব মো: ওমর ফারুক। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন বিভিন্ন কারখানার মালিক প্রতিনিধি, ব্যবস্থাপনা কর্মী, শ্রমিক প্রতিনিধি, ALDI’র ব্যবসায়িক অংশিদার ও কর্মজীবীনারী’র কর্মকর্তাবৃন্দ।

পরিচয় পর্ব ও কারখানা সুরক্ষা বিষয়ক অনুপ্রেরণামূলক সংগীতের পর সভার মূল কার্যক্রম শুরু হয়। সভায় “ALDI ইন্ডাস্ট্রি সাসটেইনেবিলিটি প্রজেক্ট” এর অর্জন, অভিজ্ঞতা, শিক্ষণীয় বিষয় ও চ্যালেঞ্জ সমূহ তুলে ধরা হয়। ALDI ইন্ডাস্ট্রি সাসটেইনেবিলিটি প্রজেক্ট এর অন্যতম কম্পোনেন্ট কারখানাভিত্তিক শিশু যত্ন কেন্দ্র (FBCC) এর পক্ষ থেকে একটি আকর্ষণীয় প্রদর্শনীর আয়োজন করা হয় যেখানে শিশু যত্ন কেন্দ্রে শিশুদের জন্য ব্যবহৃত বিভিন্ন খেলনা এবং শিক্ষা উপকরণসহ তাদের মানসিক বিকাশে সহায়তাকারী বিভিন্ন উপকরণ প্রদর্শন করা হয়। এই প্রকল্পের আওতায় পরিচালিত ‘কারখানার ব্যবস্থাপনা কর্মী ও শ্রমিক প্রতিনিধিদের দক্ষতা উন্নয়ন মূলক প্রশিক্ষণ’ সম্পর্কে প্যানেল আলোচনা এবং প্রশিক্ষণে ব্যবহৃত বিভিন্ন উপকরণ সামগ্রী প্রদর্শন করা হয়। এছাড়া অংশগ্রহণকারীদের মধ্যে প্রশিক্ষণ বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়াও সমাপনী পর্বে প্রকল্পের বিভিন্ন অর্জনের স্বীকৃতি সরুপ ১২টি কারখানা এবং ছয়টি ব্যবসায়িক অংশিদার প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হয়।

সভায় কর্মজীবী নারী’র অতিরিক্ত নির্বাহী পরিচালক সানজিদা সুলতানা বলেন, কর্মজীবী নারী ১৯৯১ সাল থেকে বাংলাদেশের তৈরী পোশাক খাতের শ্রমিকদের দক্ষতা উন্নয়নের জন্য কাজ করছে, এছাড়াও তৈরী পোশাক কারখানার নারীশ্রমিকদের সম্ভানদের জন্য শিশু যত্ন কেন্দ্র প্রতিষ্ঠা ও কার্যকর করার ব্যাপারেও বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে আসছে। তিনি মনে করেন, তৈরী পোশাক খাতের টেকসই উন্নয়নের জন্য শ্রমিকদের দক্ষতা বৃদ্ধি এবং কার্যকর শিশু যত্ন কেন্দ্র অত্যন্ত জরুরী। সভায় আরও উপস্থিত ছিলেন, ALDI হেড কোয়ার্টার প্রতিনিধি- ক্যাথরিনা রোসো, তেরেসা হোম ও অন্যান্য।

উল্লেখ্য, বাংলাদেশ বিশ্বে তৈরি পোশাক খাতের অন্যতম শীর্ষ উৎপাদনকারী দেশ এবং ALDI’র তৈরি পোশাক পণ্যসমূহের জন্য অন্যতম প্রধান সরবরাহকারী দেশ। তাই বাংলাদেশের তৈরি পোশাক উৎপাদন কারখানাসমূহের কর্মপরিবেশ উন্নতির পাশাপাশি এ খাতকে টেকসই করার লক্ষ্যে ALDI কাজ করে যাচ্ছে।